# নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি
NILPHAMARI PALLI BIDYUT SAMITY

ISO 9001: 2015 Certified

সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী
E-mail : nilpbs@gmail.com
Website: pbs.nilphamari.gov.bd
Facebook page: facebook.com/nilphamaripbs


স্মারক নং- ২৭.১২.৭৩৬৪.৫৫৪.০২.০০৮.২৪. ৬৫৪৭

তারিখঃ ২২ আশ্বিন ১৪৩১ বঃ
০৭ অক্টোবর ২০২৪ খ্রিঃ

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি এ নিম্নবর্ণিত শূণ্য পদ পূরণের লক্ষ্যে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | **অফিস সেক্রেটারী** | (ক) কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) প্রতি মিনিটে ইংরেজী ৬০ ও বাংলায় ৪০ শব্দ নির্দেশ (ডিক্টেশন) গ্রহণে সক্ষম হতে হবে।<br>(গ) প্রতি মিনিটে ইংরেজী ৩৫ অথবা বাংলায় ৩০ শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>(ঘ) বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরামচিহ্ন ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন ইত্যাদি নথিভূক্ত করণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(চ) সর্বসাধারণের সাথে নম্র ও হাসি-খুশিভাবে মেশার সামর্থ থাকতে হবে।<br>(ছ) পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী চাকুরীকাল পরিচ্ছন্ন ও সুনামের সাথে অতিবাহিত হতে হবে।<br>(জ) পদোন্নতির ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-২৪ এর সকল শর্ত অবশ্যই পূরণ থাকতে হবে।<br>(ঝ) কম্পিউটার উইন্ডোজ অপারেটিং সিস্টেম সম্পর্কিত জ্ঞান থাকতে হবে।<br>(ঞ) নীলফামারী পবিস এর কর্মচারী চাকুরীবিধি-১৯৯২ (সংশোধিত, ২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে। |

**শর্তাবলীঃ**

০১। আগ্রহী প্রার্থীগণকে অফিস সেক্রেটারী পদের বিপরীতে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, চাকুরীতে নিয়মিত করণের তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুপারিশকৃত সাদা কাগজে স্বহস্তে বাংলায় লিখিত আবেদনপত্রসহ আগামী **২৩/১০/২০২৪ খ্রিঃ তারিখ, রোজ বুধবার, সকাল ১০.০০ ঘটিকায়** নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী-এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। আবেদনপত্রে নিম্নোক্ত কাগজ পত্রাদি/দলিলাদি সংশ্লিষ্ট এজিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

০২। সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।

০৩। সাম্প্রতিক তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন সত্যায়িত ছবি।

০৪। সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

০৫। পবিস নির্দেশিকা ৩০০-৫১ মোতাবেক প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফলের সত্যায়িত ফটোকপি।

০৬। চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিত করণ পত্রের সত্যায়িত অনুলিপি।

০৭। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" পদে নিয়োগ দেয়া হবে।"চলতি দায়িত্ব" চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক ও পবিস নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রশিক্ষণে (যদি থাকে) উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে।

০৮। আবেদন পত্রের সাথে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রার্থীর বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) সর্বশেষ ০১ (এক) বৎসরের মধ্যে লঘুদন্ড; ০৩ (তিন) বৎসরের মধ্যে কোন গুরুদন্ড, ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে একাধিক গুরুদন্ড এবং ০৪ (চার) বৎসরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়নি, বিগত ০৩ (তিন) বৎসরের মধ্যে একের অধিক লঘুদন্ড প্রাপ্ত হয়নি, পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়নি এবং বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে প্রত্যয়নপত্র **"বিনা আপত্তির সনদপত্র"** সহ পদোন্নতি প্রদানের জন্য সুস্পষ্ট সুপারিশ পত্র সংযুক্ত করতে হবে।

০৯। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্যে হতে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল প্রস্তুত করা হবে। পরবর্তীতে পবিস'র প্রয়োজন অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্যানেল হতে নিয়োগ প্রদান করা হবে।

১০। পবিস নির্দেশিকা ৩০০-১৩ এবং ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

১১। আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে পদোন্নতির ক্ষেত্রে কোন জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র পবিসের ভৌগলিক এলাকা অর্থাৎ **নীলফামারী সদর, সৈয়দপুর, ডোমার, ডিমলা, কিশোরগঞ্জ, জলঢাকা উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।**

অঃ পৃঃ দ্রঃ

১২। পবিস কর্মচারী চাকুরী বিধি, পবিস নির্দেশিকা এবং বাপবিবোর্ড/পবিস কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন-ভাতাদিসহ সকল চাকুরী সংক্রান্ত বিষয়াদি নিয়ন্ত্রন ও পরিচালিত হবে।

১৩। নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি এর এলাকা পরিচালক/ মহিলা পরিচালক এবং সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর বা তাদের স্বামী/স্ত্রীর সহিত রক্ত সম্পর্কীয় প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

১৪। কোন প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধির আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। নির্বাচনী পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৭। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে নিষ্পত্তির ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌশলীমোঃ মফিজুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধসহ)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ............পবিস-১/২/৩/৪ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।
০৫। ডিজিএম (কিশোরগঞ্জ/ডোমার/সদর-কারিগরী) নীলফামারী পবিস।
০৬। এজিএম, জলঢাকা জোনাল অফিস, নীলফামারী পবিস
০৭। এজিএম (প্রশাসন/ এমএস/ওএন্ডএম/ ইএন্ডসি/অর্থ), নীলফামারী পবিস।
০৮। সহঃ জুনিঃ ইঞ্জিনিয়ার আইটি-২, নীলফামারী পবিস। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন)
০৮। অফিস কপি/ মাস্টার কপি।

(প্রকৌশলীমোঃ মফিজুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

E:\Roshida\HR\HR\পদোন্নতি সংক্রান্ত\OS\Neog Biggopti.doc4